রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৪ সনের ৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৭, ২০১৪

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১১৭—১২৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩২৩—৩৩০ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৭৭—৩৮১ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ নভেম্বর ২০১৩

**নং ১০.০০২.০২৭.০০.০০.০৩০.২০১০-২৬৬**—যেহেতু, বেগম মালেকা বাহার শামসী, উপ-সচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ এর শারিরিক অসুস্থতার কারণ উল্লেখপূর্বক গত ০৩ জুলাই ২০১১ তারিখ হতে ২৮ জুলাই, ২০১১ তারিখ পর্যন্ত যাচিত মোট ২৬ (ছাব্বিশ) দিনের অর্জিত ছুটি উপযুক্ত কারণ না থাকায় নামঞ্জুর করা হয়। পরবর্তীতে তিনি ২৯ জুলাই, ২০১১ তারিখ হতে ৩১ আগস্ট, ২০১১ তারিখ পর্যন্ত পুনরায় অর্জিত ছুটি বর্ধিতকরণের আবেদন করেন। উক্ত আবেদনও নামঞ্জুর করতঃ উক্ত কর্মকর্তাকে অবিলম্বে কর্মস্থলে যোগদানের জন্য রেজিস্ট্রার্ড ডাকযোগে পত্র প্রেরণ করা হয়; এবং

যেহেতু, গত ৩ জুলাই, ২০১১ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির কারণে বেগম মালেকা বাহার শামসী, উপ-সচিব (ড্রাফটিং) এর বিরুদ্ধে Government Servants (Discipline and Appeal) Rules, 1985 এর rule 3(b) ও rule 3(c) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" ও "ডিজারশন (Desertion)" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ২২-১-২০১২ তারিখে লেঃ সঃ বিঃ বিঃ-ব্যক্তিগত নথি-৩০/১০-১০৫ (প্রঃ) স্মারকমূলে ১ম কারণ দর্শানোর নোটিশ (অভিযোগনামা ও অভিযোগ বিবরণী) রেজিস্ট্রার্ড ডাকযোগে প্রেরণ করা হয়। পরবর্তীতে উক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগনামা অবহিতকরণের জন্য দৈনিক ইত্তেফাক ও ডেইলী স্টার পত্রিকায় এবং এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়; এবং

যেহেতু, বেগম মালেকা বাহার শামসী, উপ-সচিব (ড্রাফটিং) ব্যক্তিগত বা ডাকযোগে নির্দিষ্ট সময়ের মধ্যে ১ম কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল না করায় বিভাগীয় মামলার ধারাবাহিকতায়

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
শাহ্-ই- আলম পাটোয়ারী, ভারপ্রাপ্ত উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

Government Servants (Discipline and Appeal) Rules, 1985 এর rule 7(3) এর বিধান অনুযায়ী আনীত অভিযোগের উপর তদন্ত কার্য পরিচালনার জন্য এ বিভাগের যুগ্ম-সচিব জনাব ছায়েদ আহম্মদ'কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ৫-৬-২০১৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ (Misconduct)" ও "ডিজারশন (Desertion)" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে Government Servants (Discipline and Appeal) Rules, 1985 এর rule 4(3)(d) মোতাবেক চাকুরী থেকে বরখাস্ত (Dismissal from Service) করার গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে কেন তাঁর বিরুদ্ধে উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে একই বিধিমালার rule 7(6) মোতাবেক ৭ (সাত) কর্মদিবসের মধ্যে তাঁকে ২য় কারণ দর্শানোর জন্য নোটিশ প্রদান করা হয়। ২য় কারণ দর্শানোর নোটিশটি উক্ত কর্মকর্তার ঢাকাস্থ আবাসিক ও স্থায়ী ঠিকানায় রেজিস্ট্রার্ড ডাকযোগে প্রেরণ করা হয় এবং এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়; এবং

যেহেতু, বেগম মালেকা বাহার শামসী, উপ-সচিব (ড্রাফটিং) ব্যক্তিগত বা ডাকযোগে নির্দিষ্ট সময়ের মধ্যে ২য় কারণ দর্শানোর নোটিশসহ ইতিপূর্বে জারীকৃত কোন নোটিশের জবাব দাখিল করেননি এবং ডাক বিভাগের রেকর্ড মতে জানা যায় যে, তিনি দেশের বাইরে থাকেন। তাঁর দেশের বাইরে গমনে সরকারের অনুমোদন নেই; এবং

যেহেতু, বেগম মালেকা বাহার শামসী-কে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করার গুরুদণ্ড আরোপের বিষয়ে Government Servants (Discipline and Appeal) Rules, 1985 এর rule 7(7) এবং Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর regulation 6 মোতাবেক ৩-৯-২০১৩ তারিখে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের অভিমত চাওয়া হয়। তৎপ্রেক্ষিতে উক্ত কমিশন বিগত ৯-১০-২০১৩ তারিখের নং ৮০.১০৩.৩৪.০০.০০.০০২. ২০১৩-১২১ স্মারকমূলে বেগম মালেকা বাহার শামসী, উপ-সচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ'কে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করার গুরুদণ্ড আরোপের প্রস্তাবের সাথে একমত পোষণ করে; এবং

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদিসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে Government Servants (Discipline and Appeal) Rules, 1985 এর rule 4(3)(d) অনুযায়ী বেগম মালেকা বাহার শামসী, উপ-সচিব (ড্রাফটিং)-কে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করার গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রেখে উক্ত গুরুদণ্ড আরোপের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষ হিসাবে মহামান্য রাষ্ট্রপতির সিদ্ধান্ত চাওয়া হয়। মহামান্য রাষ্ট্রপতি বেগম মালেকা বাহার শামসী, উপ-সচিব (ড্রাফটিং)-কে "অসদাচরণ (Misconduct)" ও "ডিজারশন (Desertion)" এর অভিযোগে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করার গুরুদণ্ড আরোপের প্রস্তাব অনুমোদন করেছেন;

সেহেতু, বেগম মালেকা বাহার শামসী, উপ-সচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-কে Government Servants (Discipline and Appeal) Rules, 1985 এর rule 3(b) ও rule 3(c) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" ও "ডিজারশন (Desertion)" এর প্রমাণিত অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার rule 4(3)(d) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ শহিদুল হক**
সচিব।

---

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ কার্তিক ১৪২০/৭ নভেম্বর ২০১৩

**নং ৫১.০০.০০০০.২১১.০৬.০৫৭.১০-৯৪৮**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের ২৭-১-২০১১ তারিখের ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-৪৫ নম্বর পরিপত্রের আলোকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের (অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/ সংস্থাসহ) ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের **১ম** শ্রেণী এবং দশম, একাদশ ও দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক নিম্নরূপ কমিটি গঠন করা হলো ঃ

(ক) ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের **১ম** শ্রেণীর কর্মকর্তাগণের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক কমিটিঃ

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (দুঃব্যঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রধান

(৩) যুগ্ম-সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

(৪) যুগ্ম-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(৫) যুগ্ম-সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

উক্ত কমিটির কার্যপরিধি নিম্নরূপ ঃ

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ক্যাডারভুক্ত ও ক্যাডার বহির্ভূত ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের **১ম** শ্রেণীর কর্মকর্তাদের পদোন্নতি/ উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান;

(২) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী **১ম** ও ২য় শ্রেণীর গেজেটেড পদ কর্ম কমিশনের আওতাভুক্ত বিধায় ২য় হতে **১ম** বা ৩য় হতে **১ম** শ্রেণীর পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারি কর্ম কমিশনের আওতাভুক্ত। এ জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকবে।

(খ) দশম, একাদশ, দ্বাদশ, গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি ঃ

**সভাপতি**

(১) যুগ্ম-সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) উপ-সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

(৩) উপ-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

(৪) পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

**সদস্য-সচিব**

(৫) উপ-সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

উক্ত কমিটির কার্যপরিধি নিম্নরূপ ঃ

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং এর অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার দশম, একাদশ ও দ্বাদশ গ্রেডের ২য় শ্রেণীর কর্মকর্তা হিসেবে স্বীকৃতপ্রাপ্ত কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান;

(২) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণীর গেজেটেড পদ কর্ম কমিশনের আওতাভুক্ত বিধায় ২য় হতে ১ম বা ৩য় হতে ১ম শ্রেণীর পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারি কর্ম কমিশনের আওতাভুক্ত । এ জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকবে।

(৩) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ এর ৮নং বিধি মোতাবেক একই শ্রেণীতে পদোন্নতির ক্ষেত্রে কর্ম কমিশনের পরামর্শ নিষ্প্রয়োজন বিধায় দ্বিতীয় শ্রেণীভুক্ত এক পদ হতে অপর পদে পদোন্নতির বিষয় আলোচ্য কমিটির আওতাভুক্ত থাকবে।

২। এ মন্ত্রণালয়ের পদোন্নতি/উচ্চতরস্কেল (টাইমস্কেল)/ সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক গঠিত কমিটির ২৭-১-২০১১ তারিখে জারীকৃত ৫১.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-৪৫ সংখ্যক প্রজ্ঞাপনটি বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নুরুল আমীন**
উপসচিব (প্রশাসন)।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**অধিশাখা-১০**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২০ কার্তিক ১৪২০/৪ নভেম্বর ২০১৩

**নং ৩৭.০০.০০০০.০৭১.০১.০১৩.৯৯(অংশ)-১০০৬**—The Intermediate and Secondary Education Ordinance, 1961 (১৯৭৭ সালে সংশোধিত)-এর section 4 এর clause (x-xi)-এ প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে নিম্নোক্ত ২ (দুই) জন শিক্ষাব্রতী ব্যক্তিকে প্রজ্ঞাপন জারির তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর সদস্য পদে নিয়োগদান করেছেন ঃ

(১) ড. সিরাজ উদ্দিন আহমেদ
ফ্লাট ৩/এ, বাড়ী নং ৮, সড়ক নং ০১, সেক্টর-১০, উত্তরা, ঢাকা।

(২) জনাব রুহী জাকিয়া দেওয়ান
ফ্লাট-বি-৪, বাড়ী নং ১৩, সড়ক নং ০৯, গুলশান, ঢাকা-১২১২।

**নং ৩৭.০০.০০০০.০৭১.০১.০১৩.৯৯(অংশ)-১০০৫**—The Intermediate and Secondary Education Ordinance, 1961 (১৯৭৭ সালে সংশোধিত)-এর section 4 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার শিক্ষক ও কর্মকর্তাগণ-কে প্রজ্ঞাপন জারির তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার সদস্য পদে মনোনয়ন প্রদান করেছে ঃ

(১) অধ্যক্ষ, সিদ্ধেশ্বরী মহিলা কলেজ, সিদ্ধেশ্বরী, ঢাকা

(২) অধ্যক্ষ, সিটি কলেজ, ঢাকা

(৩) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা

(৪) প্রধান শিক্ষক, গভঃ ল্যাবরেটরি স্কুল, নিউ মার্কেট, ঢাকা।

(৫) প্রধান শিক্ষিকা, কামরুন্নেছা বালিকা উচ্চ বিদ্যালয়, টিকাটুলি, ঢাকা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ অলিউল্লাহ**
উপসচিব।

---

**অধিশাখা-৭ (কলেজ-২)**

**আদেশ**

তারিখ, ১০ নভেম্বর ২০১৩/২৬ কার্তিক ১৪২০

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৬৩.১৩-৫৮০**—যেহেতু, জনাব খোরশেদ আলম, সহকারি বিদ্যালয় পরিদর্শক (সহাকারী অধ্যাপক-বাংলা), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর স্ত্রী কর্তৃক নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৩, মামলা নং ১২৯/২০০৫ চট্টগ্রাম গত ৮-৯-২০১৩ তারিখে ১ (এক) বছর সশ্রম কারাদণ্ড ও ৫০,০০০ টাকা অর্থ দণ্ড প্রদান করা হয়েছে;

যেহেতু, তৎপ্রেক্ষিতে জনাব খোরশেদ আলমকে বিএসআর (পার্ট-১) এর বিধি ৭৩ এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং ED(reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা বিধিসম্মত ও জনস্বার্থে প্রয়োজন;

সেহেতু, জনাব খোরশেদ আলমকে বিএসআর (পার্ট-১) এর বিধি ৭৩ এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং ED(reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ মোতাবেক চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল;

২। তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে প্রচলিত নিয়মে খোরপোষ ভাতা পাবেন;

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সচিব।

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**বিদ্যালয়-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ অগ্রহায়ণ ১৪২০/১৭ নভেম্বর ২০১৩

**নং ৩৮.০০৮.০৩৪.০০.০০.০০১.২০০৪-৬০৪**—সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ উপজেলার 'আশীঘর সরকারি প্রাথমিক বিদ্যালয়'-এর নাম বিদ্যালয়ের রিজার্ভ ফান্ডে ৩ (তিন) লক্ষ টাকা জমা প্রদান সাপেক্ষে পরিবর্তন করে 'আশীঘর আব্বাস আলী সরকারি প্রাথমিক বিদ্যালয়' নামকরণ করা হল।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাজরীন নাহার**
সিনিয়র সহকারী সচিব (বিদ্যালয়)।

---

**পরিবেশ ও বন মন্ত্রণালয়**
**পরিকল্পনা শাখা-৫**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ নভেম্বর ২০১৩

**নং পবম/পরিশা-৫/৩৫০/২০১১/২১২**—পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "স্ট্রেংদেনিং রিজিওনাল কো-অপারেশন ফর ওয়াইল্ড লাইফ প্রটেকশন" শীর্ষক প্রকল্পের বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা ক্রয়/পরামর্শক নিয়োগ প্রস্তাব মূল্যায়নের জন্য একটি "প্রস্তাব মূল্যায়ন কমিটি (PEC) এবং পণ্য, কার্য ও ভৌত সেবা সংক্রান্ত দরপত্র মূল্যায়নের জন্য একটি "দরপত্র মূল্যায়ন কমিটি (TEC)" নিম্নরূপে পুনর্গঠন করা হল ঃ

**প্রস্তাব মূল্যায়ন কমিটি (Proposal Evaluation Committee)**

**সভাপতি**

(১) প্রকল্প পরিচালক, "স্ট্রেংদেনিং রিজিওনাল কো-অপারেশন ফর ওয়াইল্ড লাইফ প্রটেকশন" প্রকল্প।

**সদস্যবৃন্দ**

(২) উপ-পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(৩) সিনিয়র সহকারী/সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-৫, পরিবেশ ও বন মন্ত্রণালয়।

(৪) প্রতিনিধি, ঢাকা চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা

(৫) সহকারী প্রধান বন সংরক্ষক, উন্নয়ন পরিকল্পনা ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা।

(৬) সহকারী বন সংরক্ষক, "স্ট্রেংদেনিং রিজিওনাল কো-অপারেশন ফর ওয়াইল্ড লাইফ প্রটেকশন" প্রকল্প।

**সদস্য-সচিব**

(৭) উপ-প্রকল্প পরিচালক ও বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) পিপিআর ২০০৮ অনুসরণপূর্বক বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা ক্রয়ে/পরামর্শক নিয়োগের লক্ষ্যে আবেদনপত্র, আগ্রহ প্রস্তাব (EOI) বা প্রস্তাব পরীক্ষা ও মূল্যায়ন;

(২) পিপিআর ২০০৮ এর আলোকে সুপারিশসহ একটি মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত;

(৩) মূল্যায়ন প্রতিবেদন যথাবিধি অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট সুপারিশসহ প্রেরণ।

**দরপত্র মূল্যায়ন কমিটি (Tender Evaluation Committee)**

**সভাপতি**

(১) প্রকল্প পরিচালক, "স্ট্রেংদেনিং রিজিওনাল কো-অপারেশন ফর ওয়াইল্ড লাইফ প্রটেকশন" প্রকল্প।

**সদস্যবৃন্দ**

(২) বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।

(৩) উপ-পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(৪) সিনিয়র সহকারী/সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-৫, পরিবেশ ও বন মন্ত্রণালয়।

(৫) প্রতিনিধি, ঢাকা চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা

(৬) প্রতিনিধি, স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর (এল.জি.ই.ডি), আগারগাঁও, ঢাকা।

**সদস্য-সচিব**

(৭) উপ-বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) পিপিআর ২০০৮ অনুসরণপূর্বক পণ্য, কার্য ও ভৌত সেবা ক্রয়ের প্রাপ্ত দরপত্রসমূহ যাচাই বাছাই ও মূল্যায়ন;

(২) পিপিআর ২০০৮ এর আলোকে সুপারিশসহ একটি মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত;

(৩) মূল্যায়ন প্রতিবেদন যথাবিধি অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট সুপারিশ প্রেরণ।

**সুজয় চৌধুরী**
সহকারী প্রধান।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ কার্তিক ১৪২০/১০ নভেম্বর ২০১৩

**নং ৪৬.০৬৩.০৩২.০১.০০.০০২.২০১১-১৫৩৮**—ঝিনাইদহ জেলাধীন কালীগঞ্জ পৌরসভার ৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ নুর আলী মন্ডল, পিতা মৃত মুনছুর আলী মন্ডল, সাং বাকরা এর পদত্যাগের কারণে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩৩(১)(গ) উপ-ধারামতে গেজেটে প্রকাশের মাধ্যমে উল্লিখিত তারিখ হইতে ঝিনাইদহ জেলাধীন কালীগঞ্জ পৌরসভার ৮নং ওয়ার্ড কাউন্সিলর পদটি শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
উপ-সচিব।

### পৌর-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১২ নভেম্বর ২০১৩

**নং ৪৬.০৬৪.০২৮.০৩.৪৫০.২০১১/১৭৯৫**—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৪৩ ও ৪২(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার ব্রাহ্মণবাড়িয়া জেলার নবগঠিত বাঞ্ছারামপুর পৌরসভার কার্য সম্পাদনে নিয়ুক্ত প্রশাসককে সহায়তা দানের জন্য নিম্নোক্ত ১৫ (পনের) সদস্য বিশিষ্ট পৌর কমিটি গঠন করল ঃ

**সদস্যবৃন্দ ঃ**

(১) জনাব মোঃ হযরত আলী, পিতা মৃত রেজন মিয়া, গ্রাম দুর্গারামপুর, চেয়ারম্যান বাঞ্ছারামপুর ইউনিয়ন পরিষদ

(২) মোসাঃ সেলিনা বেগম, স্বামী মৃত মনছুর আলী, গ্রাম জগন্নাথপুর, সংরক্ষিত আসনের সদস্য, সাবেক ১নং ওয়ার্ড, বাঞ্ছারামপুর ইউনিয়ন পরিষদ।

(৩) বেগম আনোয়ারা বেগম, স্বামী আবদুল কুদ্দুছ মিয়া, গ্রাম দুর্গারামপুর, সংরক্ষিত আসনের সদস্য, সাবেক ২নং ওয়ার্ড, বাঞ্ছারামপুর ইউনিয়ন পরিষদ।

(৪) জনাব বাবুল সরকার, পিতা মৃত আবুল কালাম, গ্রাম জগন্নাথপুর, সদস্য সাবেক ১নং ওয়ার্ড, বাঞ্ছারামপুর ইউনিয়ন পরিষদ।

(৫) জনাব শাহ আলম, পিতা মৃত মোঃ সুরুজ মিয়া, গ্রাম দশদোনা, সদস্য সাবেক ৩নং ওয়ার্ড, বাঞ্ছারামপুর ইউনিয়ন পরিষদ।

(৬) জনাব আবদুল হাকিম, পিতা মৃত দুদু মিয়া, গ্রাম দশদোনা, সদস্য সাবেক ৩নং ওয়ার্ড, বাঞ্ছারামপুর ইউনিয়ন পরিষদ।

(৭) জনাব মোঃ সেলিম, পিতা মৃত মোঃ হানিফ মিয়া, গ্রাম দুর্গারামপুর, সদস্য সাবেক ৪নং ওয়ার্ড, বাঞ্ছারামপুর ইউনিয়ন পরিষদ।

(৮) জনাব সাব মিয়া, পিতা শুক্কুর মিয়া, গ্রাম পূর্ব বাঞ্ছারামপুর, সদস্য সাবেক ৫নং ওয়ার্ড, বাঞ্ছারামপুর ইউনিয়ন পরিষদ।

(৯) জনাব মোঃ আল আমিন, পিতা মৃত আক্তার হোসেন, গ্রাম বাঞ্ছারামপুর, সদস্য সাবেক ৬নং ওয়ার্ড, বাঞ্ছারামপুর ইউনিয়ন পরিষদ।

(১০) জনাব রিপন মিয়া, পিতা আবদুল কাদির জিলানী, গ্রাম সফিরকান্দি, সদস্য সাবেক ৭নং ওয়ার্ড, বাঞ্ছারামপুর ইউনিয়ন পরিষদ।

(১১) জনাব শিরিন আক্তার, স্বামী মোঃ শাহজাহান মিয়া, গ্রাম আছাদনগর, সংরক্ষিত আসনের সদস্য, সাবেক ৩নং ওয়ার্ড, বাঞ্ছারামপুর ইউনিয়ন পরিষদ।

(১২) জনাব সুমন আহম্মেদ, পিতা এম এম খালিদ, গ্রাম আছাদনগর, সদস্য সাবেক ৭নং ওয়ার্ড, বাঞ্ছারামপুর ইউনিয়ন পরিষদ।

(১৩) জনাব মোঃ আবদুল কাইয়ুম, পিতা মৃত আবদুল আউয়াল, গ্রাম আছাদনগর, সদস্য সাবেক ৮নং ওয়ার্ড, দরিয়াদৌলত ইউনিয়ন পরিষদ।

(১৪) জনাব পরিতোষ চন্দ্র দত্ত, পিতা মৃত উপেন্দ্র চন্দ্র দত্ত, গ্রাম বাঞ্ছারামপুর, ডাকঘর ও উপজেলা বাঞ্ছারামপুর, জেলা ব্রাহ্মণবাড়িয়া।

(১৫) জনাব খোরশেদ আলম, পিতা আবু তাহের, গ্রাম আছাদনগর, ডাকঘর ও উপজেলা বাঞ্ছারামপুর, জেলা ব্রাহ্মণবাড়িয়া।

২। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী গঠিত কমিটির সদস্যগণ বাঞ্ছারামপুর পৌরসভার সার্বিক কর্মকান্ড পরিচালনায় নিয়ুক্ত প্রশাসককে সহায়তা করবেন। উল্লেখ্য যে, এ বিভাগের ৪-২-২০০২ তারিখের পৌর-৩/সম্মানী-ভাতা ২/৯৭/১৩৮ নং পরিপত্র অনুযায়ী ক্রমিক নং ১ হতে ১২ পর্যন্ত সম্মানী ভাতা প্রাপ্য হবেন এবং ক্রমিক ১ হতে ১৩ পর্যন্ত অবলুপ্ত ইউনিয়ন পরিষদের ইউ,পি সদস্য হওয়ায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৪৩ ধারাবলে তারা কাউন্সিলর হিসেবে বিবেচিত হবেন।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রেহেনা ইয়াছমিন**
উপ-সচিব।

---

### (উন্নয়ন-১ শাখা)

### প্রজ্ঞাপন

তারিখ, ১৩ অক্টোবর ২০১৩

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০১২.২০১৩-৬৬৫**—যেহেতু, জনাব মোঃ বাচ্চু মিয়া, উপজেলা প্রকৌশলী, কটিয়াদি, কিশোরগঞ্জ গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলায় এলজিইডির উপজেলা প্রকৌশলী হিসেবে কর্মরত থাকাকালীন ৫-১-২০১২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী জাল-জালিয়াতি করাসহ উন্নয়ন কাজ বাস্তবায়নে বিভিন্ন অনিয়ম করার কারণে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী ১২-৩-২০১৩ তারিখের ৪৬.০৬৭.০০৩.০০.০০.০১২.২০১৩-১৭৪ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় , জনাব মোঃ বাচ্চু মিয়া-এর দাখিলকৃত জবাব ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনাপূর্বক আনীত অভিযোগসমূহ সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য একজন উপ-সচিবকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে জনাব মোঃ বাচ্চু মিয়া-এর বিরুদ্ধে আনীত অদক্ষতার অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও যাবতীয় রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ বাচ্চু মিয়াকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২) (ক) বিধি অনুসারে 'তিরস্কার' দণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, এক্ষণে, জনাব মোঃ বাচ্চু মিয়া, উপজেলা প্রকৌশলী, কটিয়াদি, কিশোরগঞ্জ (সাবেক উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর)-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২) (ক) বিধি অনুসারে 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো যা দু'বছরের জন্য বহাল থাকবে। একই সাথে তাঁকে ভবিষ্যতে সাবধানতা অবলম্বন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু আলম মোঃ শহিদ খান**
সচিব।

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**পরিকল্পনা শাখা**

**আদেশ**

তারিখ, ২ ফেব্রুয়ারি ২০১৪/২০ মাঘ ১৪২০

**নং ০৮.০৩৬.০১৮.০১.০০.০০৪.২০১০-২৮**—আদিষ্ট হয়ে অভ্যন্তরীন সম্পদ বিভাগের আওতাধীন 'জাতীয় সঞ্চয় পরিদপ্তর' কে 'জাতীয় সঞ্চয় অধিদপ্তর' নামকরণ এবং সে প্রেক্ষিতে বিদ্যমান সাংগঠনিক অবকাঠামো সংশোধনের লক্ষ্যে বিদ্যমান পদের অতিরিক্ত বিভিন্ন শ্রেণীর নিম্নবর্ণিত ৮৪ (চুরাশি)টি পদ রাজস্ব খাতে দুই অর্থ বছরে অর্থাৎ ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ অর্থ বছরে পর্যায়ক্রমে বাস্তবায়নের নিমিত্ত আগামী ৩১-৫-২০১৪ পর্যন্ত অস্থায়ীভাবে সৃজন এবং ৬(ছয়)টি পদ বিলুপ্তকরণপূর্বক পুনর্গঠিত জনবলের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি ঃ

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল (জাঃবেঃস্কেল, ২০০৯) | বিদ্যমান পদ | অনুমোদিত/সুপারিশকৃত অতিরিক্ত পদ সংখ্যা | মোট পদ সংখ্যা |
|---|---|---|---|---|---|
| (১) | মহাপরিচালক | ২৯০০০—৩৫৬০০/- (৩ নং গ্রেড) | × | ১টি | ১টি |
| (২) | পরিচালক | ২২২৫০—৩১২৫০/- (৫ম গ্রেড) | ০১টি | ৩টি | ৪টি |
| (৩) | অতিরিক্ত পরিচালক | ১৫০০০—২৬২০০/- (৭ম গ্রেড) | ০১টি | বিলুপ্ত | × |
| (৪) | উপ-পরিচালক | ১২০০০—২১৬০০/- (৮ম গ্রেড) | ০৪টি | ৭টি | ১১টি |
| (৫) | সিস্টেম এনালিস্ট | ২২২৫০—৩১২৫০/- (৫ম গ্রেড) | × | ১টি | ১টি |
| (৬) | সহকারী পরিচালক | ১১০০০—২০৩৭০/- (৯ম গ্রেড) | ৭২টি | ১৪টি | ৮৬টি |
| (৭) | সহকারী প্রোগ্রামার | ১১০০০—২০৩৭০/- (৯ম গ্রেড) | ০০ | ২টি | ২টি |
| (৮) | সঞ্চয় অফিসার | ৬৪০০—১৪২৫৫/- (১১তম গ্রেড) | ৬৬টি | ১৫টি | ৮১টি |
| (৯) | সাঁট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ৫৫০০—১২০৯৫/- (১৩তম গ্রেড) | ১টি | ৪টি | ৫টি |
| (১০) | হিসাব রক্ষক | ৫৫০০—১২০৯৫/- (১৩তম গ্রেড) | ০৭টি | ৭টি | ১৪টি |
| (১১) | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ৫২০০—১১২৩৫/- (১৪ নং গ্রেড) | ০৪টি | × | ৪টি |
| (১২) | উচ্চমান সহকারী | ৫২০০—১১২৩৫/- (১৪ নং গ্রেড) | ৪০টি | ৫টি | ৪৫টি |
| (১৩) | ডাটা এন্ট্রি অপারেটর | ৪৭০০—৯৭৪৫/- (১৬ নং গ্রেড) | ০০ | ২টি | ২টি |
| (১৪) | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৪৭০০—৯৭৪৫/- (১৬ নং গ্রেড) | ৯১টি | ৭টি | ৯৮টি |
| (১৫) | গাড়ী চালক | ৪৯০০—১০৪৫০/- (১৬ নং গ্রেড) | ০৭টি | × | ০৭টি |
| (১৬) | সিনেমা অপারেটর | ৪৫০০—৯০৯৫/- (১৭ নং গ্রেড) | ০৪টি | বিলুপ্ত | × |
| (১৭) | দপ্তরী | ৪২৫০—৮১৪০/- (১৯ নং গ্রেড) | ০১টি | বিলুপ্ত | × |

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল (জাঃবেঃস্কেল, ২০০৯) | বিদ্যমান পদ | অনুমোদিত/সুপারিশকৃত অতিরিক্ত পদ সংখ্যা | মোট পদ সংখ্যা |
|---|---|---|---|---|---|
| (১৮) | বার্তা বাহক | ৪২৫০—৮১৪০/- (১৯ নং গ্রেড) | × | ১টি | ১টি |
| (১৯) | এম এল এস এস | ৪১০০—৭৭৪০/- (২০ নং গ্রেড) | ৭৭টি | ১৫টি | ৯২টি |
| | | **মোট ঃ** | **৩৭৬টি** | **৮৪টি** | **৪৫৪টি** |

২। উপরের অনুচ্ছেদে বর্ণিত বিভিন্ন শ্রেণীর নবসৃষ্ট ৮৪টি পদ পুনর্গঠিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী অফিস ভিত্তিক বিন্যাস ও বিভাজনের আদেশ প্রশাসনিক মন্ত্রণালয় আলাদাভাবে জারী করবে।

৩। উপরে বর্ণিত ৬টি পদ বিলুপ্ত হবে এবং বিলুপ্তকৃত পদে কোন নতুন লোক নিয়োগ করা যাবে না।

৪। উল্লিখিত নবসৃষ্ট ৮৪টি পদ জাতীয় সঞ্চয় পরিদপ্তরের জন্য অস্থায়ীভাবে সৃজিত হবে। অস্থায়ীভাবে সৃজিত পদসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের ৩-৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারী আদেশের আলোকে বছরভিত্তিক সংরক্ষণ করতে হবে।

৫। এ সংক্রান্ত ব্যয় জাতীয় সঞ্চয় পরিদপ্তরের অনুকূলে বরাদ্দকৃত বাজেট হতে নির্বাহ করা হবে।

৬। এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং-০৫.১৫২.০১৫.০৩.০০.০১৮.২০১২-৯১, তারিখ ২ মে, ২০১৩/১৯ বৈশাখ, ১৪২০, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখার পত্র নং-০৭.১৫১.০২৬.০৮.০০.০৫.২০১৩/২১৫, তারিখ ২১-৭-২০১৩ এবং অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন শাখা-৫ এর পত্র নং ০৭.০০.০০০০.১৬৫.০৮.০০২.১৩/৮৮, তারিখ ১৭-৯-২০১৩ এর মাধ্যমে সম্মতি প্রদান করা হয়েছে।

৭। জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ এবং মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনের প্রেক্ষিতে এ আদেশ জারি করা হলো।

৮। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ বদিওজ্জামান**
সহকারী সচিব।